



হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়

অস্থায়ী ক্যাম্পাসঃ ভাদৈ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ-৩৩০০

রেজিস্ট্রার দপ্তর
http:// hau.ac.bd
hau.registrar.office@gmail.com

স্মারক নং-হকবি/রেজি.কার্যা./শিক্ষা ও বৃত্তি/২০২৪/ ৪২৬২

তারিখঃ ১৯ অগ্রহায়ণ ১৪৩১
০৪ ডিসেম্বর ২০২৪

ভর্তি বিজ্ঞপ্তি

হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য নির্বাচিত প্রার্থীদেরকে (কৃষিগুচ্ছ ভর্তি পরীক্ষা, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ) বিভিন্ন অনুষদে স্নাতক (লেভেল-১ সেমিস্টার-১) শ্রেণিতে ভর্তির জন্য কেন্দ্রীয় ভর্তি কমিটির নির্দেশনা মোতাবেক অনুসরণীয় নির্দেশাবলীঃ

- হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য নির্বাচিত প্রার্থীদেরকে আগামী ০৯-১২ ডিসেম্বর ২০২৪ তারিখ সকাল ১০.০০ টা থেকে বিকাল ০৪.০০টার মধ্যে হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসঃ ভাদৈ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ-এ সশরীরে উপস্থিত হয়ে ভর্তি সম্পন্ন করতে হবে।
- অনুষদ ভিত্তিক ভর্তি ফি নিম্নরূপ:
কেন্দ্রীয় কৃষিগুচ্ছ ভর্তি কমিটি ২০২৩-২০২৪ কর্তৃক স্মারকঃ সিভাসু/ভিসি অফিস/কেন্দ্রীয় কৃষি গুচ্ছ ভর্তি ২০২৩-২৪/৩৪০ তারিখ ০২/১২/২০২৪ মূলে চূড়ান্তভাবে ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের প্রাপ্ত বিশ্ববিদ্যালয়সমূহের নির্ধারিত ভর্তি ফি-এর পরিমাণের সাথে পূর্বে/প্রথম ধাপে জমাকৃত অর্থ টাকা ১০,০০০/- (দশ হাজার মাত্র) সমন্বয় করে অবশিষ্ট পরিমাণ টাকা জমা দিতে হবে। প্রার্থীদের পূর্বে/প্রথম ধাপে জমাকৃত অর্থ টাকা ১০,০০০/- (দশ হাজার মাত্র) সমন্বয় করতঃ নিম্নোক্ত ছক অনুযায়ী অবশিষ্ট টাকা জমা প্রদান করতে হবে।

অনুষদের নাম	ডিগ্রির নাম	ফি'র পরিমাণ
কৃষি অনুষদ	বি.এসসি.এজি (অনার্স)	৫০০০/-
মৎস্য অনুষদ	বি.এসসি. ফিসারিজ (অনার্স)	৫০০০/-
প্রাণি চিকিৎসা ও প্রাণিসম্পদ বিজ্ঞান অনুষদ	বি.এসসি. ভেট-সাইন্স এন্ড এ.এইচ (অনার্স)	৬০০০/-

- ভর্তির সময় প্রার্থীদেরকে-
 - ভর্তি পরীক্ষার জন্য প্রদত্ত প্রবেশপত্র, এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের অনুলিপি, ভর্তি পরীক্ষার প্রবেশপত্রে প্রদত্ত ছবির অনুরূপ ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিয়ে ভর্তির যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।
 - রক্তের গ্রুপ (যদি জানা থাকে)।
 - ভর্তি ফরম আবেদনকারী কর্তৃক স্ব-হস্তে ও সঠিক ভাবে পূরণ করতে হবে।
- সংরক্ষিত (কোটা) আসনের জন্য উল্লিখিত কাগজপত্র ছাড়াও-
 - মুক্তিযোদ্ধা কোটার জন্য মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সনদ। মুক্তিযোদ্ধার নাতি/নাতনিদের উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার অমুক পুত্র/কন্যার সন্তান/নাতি নাতনি এ বিষয়ে সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক সনদ;
 - উপজাতি/আদিবাসী কোটার জন্য জেলা পরিষদ চেয়ারম্যানের সনদ;
 - প্রতিবন্ধী কোটার জন্য উপজেলা সমাজকল্যাণ কর্মকর্তার সনদ;
 - হরিজন-দলিত কোটার জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তার সনদ;
 - পোষ্য কোটার ক্ষেত্রে স্ব স্ব বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার স্বাক্ষরিত পোষ্য সংক্রান্ত সনদ;
 - প্রবাসীর সন্তানের ক্ষেত্রে প্রবাসীকল্যাণ মন্ত্রণালয় প্রদত্ত সনদ;
 - বিকেএসপির ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানের সনদ;
 - সিটমহলের ক্ষেত্রে জেলা প্রশাসন কর্তৃক প্রদত্ত সনদ
- ভর্তির দিন বিশ্ববিদ্যালয়ের চিকিৎসক কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার সার্টিফিকেট গ্রহণ করে জমা প্রদান করতে হবে।
- ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ওরিয়েন্টেশন কর্মসূচি এবং ক্লাস শুরুর তারিখ পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে জানিয়ে দেয়া হবে।

Badm...



হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়

অস্থায়ী ক্যাম্পাসঃ ডাঐ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ-৩৩০০

রেজিস্ট্রার দপ্তর

<http://hau.ac.bd>

hau.registrar.office@gmail.com

- ৭। বিশ্ববিদ্যালয় অস্থায়ী ক্যাম্পাসে পরিচালিত হওয়ায় ছাত্র-ছাত্রীদের আবাসনের নিশ্চয়তা দেয়া সম্ভব নয়। আবাসিক হলে সীট বরাদ্দ না পাওয়া পর্যন্ত নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে। আবাসিক হলের ব্যবস্থা করা গেলে সীট বরাদ্দ সাপেক্ষে হলে সংযুক্তির জন্য বিশ্ববিদ্যালয় নির্ধারিত ফি জমা প্রদান করতে হবে।
- ৮। ভর্তি বাতিল সংক্রান্ত তথ্য:
- ক) প্রদানকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্ট/প্রশংসাপত্র/সনদপত্র/প্রত্যয়নপত্র ভুল প্রমানিত হলে ভর্তি বাতিল হয়ে যাবে।
- খ) ক্লাস শুরুর প্রথম ১৫ দিন ক্লাস না করলে ভর্তি বাতিল হয়ে যাবে।
- গ) ৬০% ক্লাস উপস্থিতিসহ সকল কোর্সে ক্লাস টেস্ট পরীক্ষায় অংশগ্রহণ না করলে ভর্তি বাতিল হয়ে যাবে।
- ঘ) ভর্তি বাতিল হলে বা করলে ভর্তি বাতিল ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করতে হবে।

মাননীয় উপাচার্যের নির্দেশক্রমে

Bachant
08/12/2028

মোঃ বদরুল আমিন

ডেপুটি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়

সদয় অবগতি জন্য অনুলিপি দেয়া হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. ডিন (সকল অনুষদ), হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
২. বিভাগীয় চেয়ারম্যান (সকল বিভাগ), হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
৩. অর্থ ও হিসাব বিভাগ, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
৪. বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (সকল), হকুবি, হবিগঞ্জ।
৫. ছাত্র পরামর্শ দপ্তর, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়, হবিগঞ্জ।
৬. প্রক্টর, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়, হবিগঞ্জ।
৭. আইসিটি সেল (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), হকুবি, হবিগঞ্জ।
৮. সেকশন অফিসার, উপাচার্য মহোদয়ের দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), হকুবি, হবিগঞ্জ।
৯. অফিস কপি।
১০. মহানথি।